

বিজ্ঞপ্তি

বিষয়: কোরিয়ায় KDI স্কুলে অনুষ্ঠেয় মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।

KDI School of Public Policy and Management, Korea-তে ১ বছর মেয়াদী Public Policy and Management (PPM) শীর্ষক মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য আগ্রহী ও যোগ্য সরকারি কর্মকর্তাগণের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তসমূহ:

১.	অনলাইনে রেজিস্ট্রেশনের মাধ্যমে আবেদনকারীকে আবেদন করতে হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্যসহ এ সংক্রান্ত ব্রিশিউর ও আবেদন নির্দেশিকা এর সাথে সংযুক্ত করা হলো। এছাড়া এ সংক্রান্ত ফরম https://apply.kdischool.ac.kr ওয়েবসাইট হতে সংগ্রহ করা যাবে;
২.	KDI School ও Colombo Plan উক্ত মাস্টার্স কোর্সের ভর্তি সংক্রান্ত ফি, টিউশন ফি, আবাসন, ফিরতি বিমান ভাড়া ও লিভিং এলাউন্স বৃত্তি হিসেবে প্রদান করবে;
৩.	আবেদনকারীগণ অনলাইনে যথাযথভাবে ফরম পূরণ করে সরাসরি কোরিয়ার KDI School-এ আবেদন করতে পারবেন। এ জন্য নির্দেশনা অনুযায়ী অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করে আবেদনপত্র এবং নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্রের ০৩ (তিন) সেট হার্ডকপি আগামী ১৯/০৯/২০২১ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখায় (ভবন নম্বর ০২, কক্ষ নম্বর ১০৯) প্রেরণ করতে হবে।
৪.	যারা ইতোমধ্যে বুনিয়াদি প্রশিক্ষণসহ চাকরিতে স্থায়ী হয়েছেন এবং শিক্ষা জীবনে যাদের কমপক্ষে ০১ (এক) টি প্রথম বিভাগ/শ্রেণি রয়েছে (কোন তৃতীয় বিভাগ নয়) তাঁরা আবেদন করতে পারবেন;
৫.	আবেদনকারীকে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এর প্রমাণক হিসেবে এবং এতদসঙ্গে সংযুক্ত বাংলা ফরম পূরণ করে তা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করতে হবে;
৬.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি. তারিখের স্মারক নং-৮০/৯২-৫১৮(৫০০) নং বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালায় গেজেট ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬.৯.০২৫.০৬. ০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পরিপত্রের মর্মানুসারে কর্মকর্তা মনোনয়ন প্রদান করতে হবে;
৭.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯, তারিখ : ০৬/১২/২০১৫ মোতাবেক চাকরিতে প্রবেশের পর শ্রেণি/অধ্যয়নছুটিতে একটি মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার মাস্টার্স এর জন্য আবেদন করার প্রয়োজন নেই;
৮.	প্রার্থীর চূড়ান্ত মনোনয়ন KDI School, Korea, The Colombo Plan এবং প্রচলিত সরকারি বিধি-বিধান এর উপর নির্ভরশীল।

সংযুক্তি- Brochure, Letterhead, বাংলা ফরম।



১৬-৯-২০২১

ফারজানা জামান
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব (সকল অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/চট্টগ্রাম/ঢাকা
- ৩) যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) জেলা প্রশাসক,

চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ঝিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/বালকাঠি/নাটোর/রাঙ্গামাটি/কপার্বত্য জেলা/নড়াইল/মেহেরপুর/চুয়াডাঙ্গা/ফেনী/লক্ষ্মীপুর/পিরোজপুর/হবিগঞ্জ/বরগুনা/খাগড়াছড়ি/বরিশাল/নরসিংদী/সুনামগঞ্জ

৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।